দুই সমান ভাগের এক ভাগ লাল। আমরা বলি, লাল অংশটি কাগজ টুকরোর। দুই সমান ভাগের এক ভাগ তেমনি, সাদা অংশটি ও কাগজ পটির দুই সমান ভাগের এক ভাগ। কাগজ অর্ধেক লাল ও অর্ধেক সাদা।


মুখটির রঙ হয়েথাকা ভাগটি মুখটির অর্ধেক  
ও রং হয়ে না থাকার ভাগটি মধ্য মুখটির অর্ধেক।




ঘুড়িটির রং হয়ে থাকা ভাগটি পুরো ছবির অর্ধেক ও সাদা ভাগটা পুরো ছবির অর্ধেক। অর্ধেক অংশকে সংখ্যাতে  $\frac{1}{2}$  ভাবে লেখায় যায়, একে “ $\frac{1}{2}$  বিভক্ত ২ ভাবে পড়া হয়। এটা হচ্ছে একটা ভগ্ন সংখ্যা।

তোমাদের জন্য কাজ

- ১। নিচে দেওয়া প্রত্যেক বর্গাকৃতির ছবিকে ভিন্ন ভিন্ন ভাবে দাগ টেনে সমান দুই ভাগ কর। একটা ভাগকে রঙ দাও।



- ২। কাছে থাকা চিত্রে দাগ টেনে চিত্রকে সমান দুই ভাগ কর।



- রিতার বাব একটা কেক এনেছিলেন, রিতা নিজের জন্য, ভাই, বাবা ও মায়ের জন্য সমান চার ভাগ করে দিয়েছিল।



প্রত্যেক ভাগকে আলাদা আলাদা রং দাও।



রিতার পাওয়া অংশ পুরো কেকের সমান ৪ ভাগের ১ ভাগ  
পুরো কেকের  $\frac{1}{4}$  অংশ




রিতা ও তার ভাই পেয়ে থাকা কেকের অংশ পুরো কেকের সমান ৪ ভাগের ২ ভাগ  
পুরো কেকের  $\frac{2}{4}$  অংশ।



রিতা, ওর ভাই ও মা মিশে পেয়ে থাকা কেকের অংশ পুরো কেকের সমান ৪ ভাগের ৩ ভাগ  
পুরো কেকের  $\frac{3}{4}$  অংশ।



কোঠরিটাকে সমান চার ভাগ করা হয়েছে ও একটা ভাগকে রং দেওয়া হয়েছে  
কোঠরিটির  $\frac{1}{4}$  অংশ সাদা ও  $\frac{3}{4}$  অংশকে রং দেওয়া হয়েছে।






কে কত অংশ কে পেল জানবার জন্য আদি সংখ্যা ব্যবহার হল। এমন সংখ্যা গুলোকে **ভগ্নসংখ্যা** বলা হয়।  $\frac{1}{2}$  তে দাগের ওপরে থাকা ১ কে **লব** ও দাগের নিচে থাকা ২ কে **হর** বলা যায়।

$\frac{1}{2}$  কে **এক বিভক্ত দুই** পড়া হয়।

$\frac{3}{8}$  তে লব ৩ ও হর ৪। একে **তিন বিভক্ত চার** পড়া হয়।


## অভ্যাস কার্য

১। নিম্নোক্ত চিত্রটি কটা সমান ভাগ করা হয়েছে তা খালি স্থানে লেখ।




২। নিম্নস্তু চিত্রের মধ্যে থেকে যেটা সমান ভাগে বিভক্ত হয়েছে তার উপরে ✓ চিহ্ন দাও।

ক) দুই সমান ভাগ



খ) চারটে সমান ভাগ



৩। একটা আয়তাকৃতি কাগজকে ভেঙ্গে

ক) ২টো সমান ভাগে কর।

খ) ৩ সমান ভাগ কর

গ) ৪ সমান ভাগ কর।




ঘ) ৬ সমান ভাগ কর,

ঙ) ৮ সমান ভাগ কর।


প্রত্যেক বার সমান ভাগ করার পর ওটা চিত্রতে দেখাও।

৪। একটা আয়তাকৃতি কাগজ নিয়ে ও কে কত প্রকারের দুই সমান ভাগে বিভক্ত করা যেতে পারবে কর। প্রত্যেক প্রকারকে চিত্রতে দেখাও।

৫। প্রত্যেকটি চিত্রের অর্ধেক দেওয়া হয়েছে, চিত্র গুলো সম্পূর্ণ কর।




৬। চিত্রের কত অংশ রঙিন তা দেখ ও রঙিন অংশকে উপযুক্ত ভগ্ন সংখ্যার সঙ্গে জোড়।




এক চতুর্থাংশ

$$\frac{2}{8}$$




অর্ধেক

$$\frac{2}{8}$$



তিন চতুর্থাংশ





$$\frac{3}{4}$$



পুরো

$$\frac{3}{4}$$

৭। ক) চিত্র দেখে রেখা চিহ্নিত অংশ পূর্ণ চিত্রের কত ভাগ থেকে কত ভাগ, খালি স্থানে লেখো।



৪ ভাগের ১ ভাগ,


—ভাগের —ভাগ,

ভাগের —ভাগ


—ভাগের —ভাগ




খ) প্রত্যেক চিত্রের তলায় লেখা অনুযায়ী সেই চিত্রের অংশে রং দাও।




এক চতুর্থাংশ



দুই পঞ্চমাংশ









চারি ষষ্ঠাংশ




পাঁচ অষ্টমাংশ


৮। ছবির রেখা চিহ্নিত ভাগটি, পূর্ণ চিত্রের কত অংশ তা লেখ।




৯। রং করে বা দাগ টেনে দেখাও।




$\frac{2}{8}$



$\frac{6}{12}$





$\frac{4}{8}$





$\frac{4}{8}$

১০। যে চিত্রে রেখা চিহ্নিত অংশ ঠিক লেখা হয়েছে, ওর কাছে ঠিক চিহ্ন (✓) দাও ও যেখানে ভুল ওর কাছে ছক (X) চিহ্ন দাও।










১১। নিম্ন ভগ্ন সংখ্যাগুলোর নাম খালি ঘরে লেখ।

যেমন

$\frac{২}{৩}$  দুই ভিত্তিক তিন

$\frac{৩}{৪}$

$\frac{৬}{১০}$

$\frac{৭}{১৬}$

$\frac{৮}{১০}$

$\frac{১০}{১৮}$

১২। উদাহরণ দেখে খালি স্থান পূরণ কর।

যেমন  $\frac{১}{৬}$  হচ্ছে একটা বস্তুর সমান ৩ ভাগের ১ ভাগ।

ক)  $\frac{১}{৬}$  হচ্ছে একটা বস্তুর সমান ভাগের ভাগ।

খ)  $\frac{৩}{৫}$  হচ্ছে একটা বস্তুর সমান ভাগের ভাগ।

গ)  $\frac{২}{১০}$  হচ্ছে একটা বস্তুর সমান ভাগের ভাগ।

ঘ)  $\frac{৪}{৫}$  হচ্ছে একটা বস্তুর সমান ভাগের ভাগ।

ঙ)  $\frac{৩}{৬}$  হচ্ছে একটা বস্তুর সমান ভাগের ভাগ।

চ)  $\frac{২}{৭}$  হচ্ছে একটা বস্তুর সমান ভাগের ভাগ।

দীপালি ও মিতালী দুই বোন, একদিন দীপালি কাগজ এনে তাকে সমান সমান ভাবে মুড়ে চলল ও মিতালী প্রত্যেক বার একটা ভাগকে পেনসিলে রঙ করল। এস দেখব, কাগজে ওরা কেমন রং করল।

চিত্র	কাগজ খন্ডের মোট ভাগের সংখ্যা	কালো রং থাকা ভাগ	কালো রং থাকা অংশের ভগ্ন সংখ্যা রূপ/সাদা অংশের ভগ্ন রূপ
	২ টো সমান ভাগ	অর্ধেক	$\frac{1}{2}$
	৩ টে সমান ভাগ	এক তৃতীয়াংশ	$\frac{1}{3}$
	৪ টা সমান ভাগ	এক চতুর্থাংশ	$\frac{1}{4}$
	৫ টো সমান ভাগ	এক পঞ্চমাংশ	$\frac{1}{5}$
	৬ টা সমান ভাগ	এক ষষ্ঠাংশ	$\frac{1}{6}$
	৭ সমান ভাগ	এক সপ্তাংশ	$\frac{1}{7}$
	৮। সমান ভাগ	এক অষ্টমাংশ	$\frac{1}{8}$
	৯ সমান ভাগ	এক নবমাংশ	$\frac{1}{9}$
	১০ সমান ভাগ	এক দশমাংশ	$\frac{1}{10}$



আগের পৃষ্ঠার সারণীকে লক্ষ্য কর। এখানে কাগজের উভয় কালো রঙের অংশ পুরো কাগজের এক অংশ, আবার রঙীন অংশ ও পুরো কাগজের এক অংশ। কালো রং হওয়া অংশও রঙীন অংশকে চিনিয়ে দেওয়া ভগ্নাংশ সংখ্যার লব ও হর এর মধ্যে কোনটা বড় ও কোনটা ছোট মনে হচ্ছে? যা দেখলে তানীচের খালি স্থানে লেখ।

কালো রং হয়ে থাকা অংশতে হর অপেক্ষা লব .....। রঙীন অংশতে হর অপেক্ষা লব ..... একটা কাগজের কালো রং হয়ে থাকা অংশটি পুরো কাগজ থেকে ছোট। সারণীতে লেখা থাকা ভগ্ন সংখ্যা গুলো একটা একটা প্রকৃত ভগ্ন সংখ্যা। যে ভগ্ন সংখ্যার লব এর থেকে হর বড়। ওকে **প্রকৃত ভগ্ন সংখ্যা** বলা হয়।

ক) তুমি আর কটা প্রকৃত ভগ্ন সংখ্যার উদাহরণ নীচের কুঠরীতে লেখ।








--	--	--	--	--	--	--

খ) নিম্নস্থ প্রত্যেক চিত্রে রেখাঙ্কন করে ভিন্ন ভিন্ন প্রকৃত ভগ্ন সংখ্যা গঠন কর ও চিত্রের নিচে ভগ্ন সংখ্যাটি লেখ।



### সম হর বিশিষ্ট ভগ্ন সংখ্যার মধ্যে বড়- ছোট

পিন্টু ও চিন্টু দুই বন্ধু। একদিন এক ফর্দ সাদা কাগজ এনে সেখান থেকে সমান আকারের সাতটা কাগজ পট্টি তৈরি করলো। কাগজের পট্টি গুলোকে ১২৩ .....৭ সংখ্যা দ্বারা চিহ্নিত করলো। তারপর পিন্টু প্রত্যেক কাগজ পট্টিকে সমান করে আঠা ভাগ করল ও চিন্টু প্রত্যেক কাগজ পট্টিতে বিভিন্ন সংখ্যক ভাগকে পেনসিলে রং দিল। এস, বর্তমান প্রত্যেক কাগজ পট্টিকে দেখব।

কাগজ পত্রির ক্রমিক সংখ্যা	কাগজ পত্রি	চিত্রিত ভাগ সংখ্যা	পুরা পত্রির কত অংশ চিত্রিত
১ম		এক অষ্টমাংশ	$\frac{1}{8}$
২য়		দুই অষ্টমাংশ	$\frac{2}{8}$
৩য়		তিন অষ্টমাংশ	$\frac{3}{8}$
৪র্থ		চার অষ্টমাংশ	$\frac{4}{8}$
৫ম		পাঁচ অষ্টমাংশ	$\frac{5}{8}$
৬ষ্ঠ		ছয় অষ্টমাংশ	$\frac{6}{8}$
৭ম		সাত অষ্টমাংশ	$\frac{7}{8}$

রঙ করা অংশের পরিমাণ অনুযায়ী কম থেকে বেশী ক্রমে সাজাতে পারবে কি ?

রঙিন অংশকে তুলনা করে , ছোট থেকে বড় ক্রমেতে কাগজ পত্রি গুলোর ক্রমিক সংখ্যাকে, প্রথম লাইনে থাকা শূন্য কোটরি গুলোকে পূরণ কর। প্রত্যেক কাগজ পত্রিতে রঙিন অংশকে সূচিত করতে থাকা ভগ্ন সংখ্যা গুলোকে দ্বিতীয় লাইনে থাকা শূন্য কোঠরিতে পূরণ কর।

ক্রমিক সংখ্যা -	<input type="text" value="১ম"/>	<input type="text"/>	<input type="text"/>	<input type="text"/>	<input type="text"/>	<input type="text"/>	<input type="text" value="৭ম"/>
রঙিন অংশের পরিমাণ সূচক ভগ্ন সংখ্যা	<input type="text" value="১/৮"/>	<input type="text"/>	<input type="text"/>	<input type="text"/>	<input type="text"/>	<input type="text"/>	<input type="text" value="৭/৮"/>

☞ তুমি লিখে থাকা প্রত্যেক ভগ্ন সংখ্যার লব ও হর এর মধ্যে কে বড়, কে ছোট,

যেমন  $\frac{১}{৮}$  তে হর থেকে লব ছোট

তেমনি  $\frac{২}{৮}$  তে .....  $\frac{৫}{৮}$  তে .....  
 $\frac{৩}{৮}$  তে .....  $\frac{৬}{৮}$  তে .....  
 $\frac{৪}{৮}$  তে .....  $\frac{৭}{৮}$  তে .....

এস, ১ম পত্রির সঙ্গে ২য় পত্রিকে তুলনা করব



কোন পত্রির রঙিন অংশ অধিক ?

নিশ্চিত ভাবে তুমি বলবে ২য় পত্রির রঙিন অংশ অধিক সেই জন্য আমরা দেখলাম  $\frac{২}{৮}$ ,  $\frac{১}{৮}$

তেমনি ২য় ও ৩য় পত্রিকে তুলনা করে যা দেখা যাবে সেটা নিচে লেখ।

.....

২য় ও ৪র্থ পত্রিকে তুলনা করে কি দেখব ?

.....

☞ এখন নিচে থাকা শূন্যস্থান পূরণ কর :

$\frac{১}{৮}$  থেকে  $\frac{৩}{৮}$  ..... |  $\frac{১}{৮}$  থেকে  $\frac{৫}{৮}$  .....  
 $\frac{২}{৮}$  থেকে  $\frac{৩}{৮}$  ..... |  $\frac{৫}{৮}$  থেকে  $\frac{২}{৮}$  .....

আমরা কি জানলাম ?

যদি দুটো ভগ্ন সংখ্যার হর সমান হয় তা হলে ওদের ভেতরে যে ভগ্ন সংখ্যার লব বড়, সেই ভগ্ন সংখ্যাটি অন্যটির থেকে বড় ও যে ভগ্ন সংখ্যার লব ছোট, সেই ভগ্ন সংখ্যাটি অন্যটির থেকে ছোট।

যে ভগ্ন সংখ্যার হর সমান থাকে, ওদের সমহর বিশিষ্ট ভগ্নসংখ্যা বলা হয়।

তোমার মন থেকে যে কোন ৫ টি সমান হর বিশিষ্ট ভগ্ন সংখ্যা লেখ।  
ওগুলোকে বড় থেকে ছোট ক্রমে সাজিয়ে লেখ।

## অভ্যাস কার্য

- ১। ক) হরকে ৭ নিয়ে যত গুলো প্রকৃত ভগ্ন সংখ্যা লেখা যেতে পারে সেগুলো লেখো।  
খ) হর ৯ এর কটা প্রকৃত ভগ্ন সংখ্যা লেখা সম্ভব?
- ২। বন্ধনী থেকে ঠিক সংখ্যা বেছে খালি ঘরে লেখ, যেন এক প্রকৃত ভগ্ন সংখ্যা গঠন হয়।

ক)  $\frac{৮}{\square}$

(৫, ৯, ১০)

খ)  $\frac{\square}{২}$

(২, ১, ৩)

গ)  $\frac{৫}{\square}$

(২, ১, ৬)

ঘ)  $\frac{৩}{\square}$

(৫, ৯, ১০)

ঙ)  $\frac{\square}{১০}$

(১, ১০, ০)

চ)  $\frac{৫}{\square}$

(৩, ৬, ১)

১, ৩, ৫, ৭ সংখ্যা গুলোকে লব ও হর রূপে নিয়ে যত, সংখ্যক প্রকৃত ভগ্নসংখ্যা গড়া যেতে পারবে গড় ও লেখ।

নিম্ন ভগ্ন সংখ্যা গুলোর লবের ওপরে গোল দাগ দাও।

$$\frac{৭}{৯}, \frac{১}{২}, \frac{২}{৫}, \frac{৩}{৪}, \frac{৬}{৮}, \frac{৪}{৯}$$

নিম্ন ভগ্ন সংখ্যা গুলোর হরকে গোল দাগ দাও।

$$\frac{১}{২}, \frac{২}{৩}, \frac{৩}{৪}, \frac{৪}{৫}, \frac{৫}{৬}, \frac{৬}{৭}$$

উপযুক্ত ভগ্ন সংখ্যা লেখ।

দুই বিভক্ত পাঁচ,

চার বিভক্ত সাত,

সাত বিভক্ত নয়,

তিন বিভক্ত পাঁচ,

আট বিভক্ত নয়,

এক বিভক্ত দশ।

৭। ছবি দেখে খালি ঘর পূরণ কর।


ক)



রেখা চিহ্নিত অংশ

সাদা থাকা অংশ

খ)



রেখা চিহ্নিত অংশ

সাদা থাকা অংশ

### সমলব বিশিষ্ট ভগ্ন সংখ্যার মধ্যে বড় ছোট।


একদিনের কথা পিন্টু ও চিন্টু ৪ টি সমান অংশ কাগজের পত্রি নিল ও সেগুলোকে ১, ২, ৩, ৪, সংখ্যা লিখে চিহ্ন করল। প্রত্যেক কাগজপত্রিকে বিভিন্ন সমান ভাগে ভাগ করল। প্রত্যেক পত্রি থেকে একটা ভাগকে পেনসিলে রং করল।

কাগজ পত্রির ক্রমিক সংখ্যা	কাগজ পত্রির চিত্রিত অংশ	চিত্রিত ভাগের পরিমাণ	চিত্রিত অংশ সূচক ভগ্নাংশ
১		অর্ধেক	$\frac{1}{2}$
২		এক চতুর্থাংশ	$\frac{1}{4}$
৩		এক পঞ্চমাংশ	$\frac{1}{6}$
৪		এক অষ্টমাংশ	$\frac{1}{8}$

পিন্টু, চিন্টুকে ১ম ও ২য় পত্রির দুটি দেখিয়ে জিজ্ঞেস কর। হল বলত, কোন পত্রির রঙিন অংশ অধিক।

চিন্টুর উত্তর দিল “১ম পত্রির রঙিন অংশ অধিক”


পিন্টু জিজ্ঞেস করল, - “তবে বল  $\frac{1}{2}$  ও  $\frac{1}{8}$  এর মধ্যে কে বড়?”





চিন্টু ‘২পত্রির রঙিন অংশকে দেখে জানা যাচ্ছে  $\frac{1}{8}$  থেকে  $\frac{1}{2}$  বড়। মাত্র এ ভগ্নাংশ দুইটির হর সমান নেই। তবে কাগজ পত্রি না দেখে বড় ছোট কেমন করে জানবে?

পিন্টু “ আর দুটো পত্রি নিয়ে দেখব কি হচ্ছে।



তার পরে ২য় ও ৩য় পত্রিকে নিয়ে কাছাকাছি রাখলে ও উভয় পত্রিকে দেখলে  $\frac{1}{4}$  থেকে  $\frac{1}{8}$  বড় দেখবে।

পিন্টু “ এখন দেখ। এখানেও হর সমান নেই, কিন্তু ওদের লব সমান।

সেই জন্য দেখলে – দুটো ভগ্নসংখ্যার মধ্যে লব দুটো সমান হয়ে থাকলে, যেটির হর ছোট, সেটা বড়। সমান লব থাকা ভগ্ন সংখ্যাগুলোর মধ্যে যেটার হর সব থেকে বড় সেই ভগ্ন সংখ্যাটি সব থেকে ছোট।

পত্রি চারটির চিত্রিত অংশকে দেখাতে থাকা ভগ্ন সংখ্যাগুলোর মধ্যে সব থেকে বড় কে ও সব থেকে ছোট কে?

সব থেকে বড় হচ্ছে .....। সব থেকে ছোট হচ্ছে .....



এখন আমরা পত্রির চিত্রিত অংশকে দেখাতে থাকা ভগ্ন সংখ্যা গুলোকে ছোট থেকে বড় ক্রমে সাজাব। পূর্ব পৃষ্ঠাতে থাকা ভগ্ন সংখ্যা গুলোকে ছোট থেকে বড় ক্রমে সাজাও।

ছোট থেকে বড় ক্রমেতে < চিহ্ন ব্যবহার কর  $\frac{1}{4} < \frac{1}{5} < \frac{1}{8} < \frac{1}{2}$

## অভ্যাস কার্য

১। প্রত্যেক চিত্রের কাছে ভগ্ন সংখ্যাটি লেখা হয়েছে। চিত্রের অংশকে রঙ দাও যাতে রঙিন অংশটি চিত্রের কাছে থাকা সংখ্যাকে বোঝাবে। চিত্র দেখে সংখ্যা দুটোর মধ্যে কে বড় গোল দাগ দাও।



ক)





খ)



গ)



ঘ)



২। কোঠারিতে উপযুক্ত (< বা >) চিহ্ন দাও।

ক)

$$\frac{1}{8} \square \frac{3}{8}$$

খ)

$$\frac{3}{9} \square \frac{8}{9}$$

গ)

$$\frac{3}{5} \square \frac{1}{5}$$

ঘ)

$$\frac{8}{10} \square \frac{9}{10}$$

ঙ)

$$\frac{8}{9} \square \frac{1}{9}$$

চ)

$$\frac{9}{8} \square \frac{2}{8}$$

৩। চিহ্ন (< বা >) দেখে শূন্য কোঠারিতে উপযুক্ত প্রকৃত ভগ্ন সংখ্যা লেখ।

ক)

$$\frac{3}{5} > \square$$

খ)

$$\frac{4}{8} > \square$$

গ)

$$\frac{1}{3} > \square$$

ঘ)

$$\frac{9}{8} > \square$$

ঙ)

$$\frac{2}{3} > \square$$

চ)

$$\frac{4}{8} > \square$$

৪) ক) উপরের ৩(ক) প্রশ্নের কটা উত্তর সম্ভব?

খ) তোমার উত্তর তোমার বন্ধুর সঙ্গে মেলাও।

৫। নীচের খালি ঘরে উপযুক্ত চিহ্ন বসান।

ক)  $\frac{১}{৩} \square \frac{১}{২}$       খ)  $\frac{২}{৭} \square \frac{৩}{৯}$       গ)  $\frac{২}{৫} \square \frac{৩}{৮}$

ঘ)  $\frac{১}{৬} \square \frac{৫}{৬}$       ঙ)  $\frac{২}{৮} \square \frac{৩}{৮}$       চ)  $\frac{৩}{৫} \square \frac{৩}{৪}$

৬। প্রত্যেক লাইনে থাকা সব থেকে ছোট ভগ্ন সংখ্যাকে গোল দাগ দাও।


ক)  $\frac{৬}{৮}, \frac{২}{৮}, \frac{১}{৮}, \frac{৫}{৮}$       খ)  $\frac{২}{৫}, \frac{৪}{৫}, \frac{১}{৫}, \frac{৩}{৫}$

গ)  $\frac{১}{৪}, \frac{১}{২}, \frac{১}{৬}, \frac{১}{৭}$       ঘ)  $\frac{৩}{৫}, \frac{৩}{৪}, \frac{৩}{৮}, \frac{৩}{১০}$


৭। ভগ্ন সংখ্যা গুলোকে ছোট থেকে বড় ক্রমে সাজিয়ে লেখ।

ক)	$\frac{৪}{৬}, \frac{৪}{৫}, \frac{৪}{৯}, \frac{৪}{৮}, \frac{৪}{১০}$	<input type="text"/>
খ)	$\frac{৩}{৬}, \frac{২}{৬}, \frac{৪}{৬}, \frac{১}{৬}$	<input type="text"/>
গ)	$\frac{৩}{৪}, \frac{৩}{৬}, \frac{৩}{১০}, \frac{৩}{৮}, \frac{৩}{৯}$	<input type="text"/>
ঘ)	$\frac{২}{৬}, \frac{৩}{৬}, \frac{৭}{৬}, \frac{৫}{৬}, \frac{৮}{৬}$	<input type="text"/>
ঙ)	$\frac{৩}{৮}, \frac{১}{৮}, \frac{৫}{৮}, \frac{৭}{৮}, \frac{২}{৮}$	<input type="text"/>


একবার নিনী ও রুনী মিশে বাগান থেকে পাকা কুল তুলল। ঘরে এসে গুনে দেখল ২০ টা আছে। রুনী কুলগুলোকে সমান দুভাগ করে রাখল, বলল “ কুলগুলোকে দুই সমান ভাগের একটা ভাগ তোমার ও অন্য ভাগটি আমার”।





তুমি পাওয়া কুলের  $\frac{2}{5}$  অংশ বা অর্ধেক ও আমারও  $\frac{2}{5}$  অংশ বা অর্ধেক। কুল গুনে তোমার ভাগ ১০ টি ও আমার ভাগে ১০ টি। পরে নিনী সব কুল এক সঙ্গে দুটো দুটো করে ১০ ভাগ করল। বলল এখন থেকে ৫ ভাগ তোমার ৫ ভাগ আমার।



দেখ মোট ১০ সমান ভাগ থেকে তুমি পাবে ৫ ভাগ বা  $\frac{5}{10}$ । তোমার যে ১০ টা কে সেই ১০টা সমীর কাছে বসে দুজনের কুল ভাগ করাদেখছিল। এখন সে বলল “ আমাকে কুল গুলোকে দাও। আমি তোমাদের মধ্যে আরেক প্রকার কুল ভাগ করে দেব। সমীর ২০ টি কুলকে একসঙ্গে করে সবগুলি সমান ৪ ভাগ করল ও বলল - তোমরা দুজনে সমান ভাগ নেবে সেই জন্য নিনীর ২ ভাগ আর রুণীর ২ ভাগ।



একজন পাবে চার সমান ভাগের ২ ভাগ বা  $\frac{2}{8}$  করে দুজনে নিচের নিজের কুল গুনে দেখল। দুজনেই ১০টা করে কুল পেল। তারপর সমীর, নিনী ও রুনী বসে আলোচনা করল। কী করে এমন হল ?



(৪ সমান ভাগের ২ ভাগ বা  $\frac{২}{৪}$ ) (৪ সমান ভাগের ২ ভাগ বা  $\frac{২}{৪}$ )



(২ সমান ভাগের ১ ভাগ বা  $\frac{১}{২}$ ) (২ সমান ভাগের ১ ভাগ বা  $\frac{১}{২}$ )



(১০ সমান ভাগে ৫ ভাগ বা  $\frac{৫}{১০}$ ) (১০ সমান ভাগে ৫ ভাগ বা  $\frac{৫}{১০}$ )

নিম্নী ও রুন্নী কুলগুলো ভিন্ন ভিন্ন ভাবে ভাগ করে দেখল যে প্রত্যেক বার উভয়ের কাছে সমান সংখ্যক কুল পড়ল। আমরা লক্ষ্য করলাম যে,

১০ টা কুল	২০ টি কুলের	$\frac{১}{২}$
১০ টা কুল	২০ টি কুলের	$\frac{৫}{১০}$
১০ টা কুল	২০ টি কুলের	$\frac{২}{৪}$

এবারে ওরা বুঝতে পারল,  $\frac{১}{২} = \frac{২}{৪} = \frac{৫}{১০}$

এগুলো অলাদা অলাদা ভগ্ন সংখ্যা হলেও, এদের মূল্য সমান।

আরেক দিনের কথা সমীর কাগজের পট্টি এনে ওর বন্ধু বাচ্চাদের কাছে পৌঁছালো।



চিত্র 'ক'

সমীর কাগজ পট্টিকে সমান দুভাগ করে একটা ভাগকে রেখাঙ্কিত করল।



চিত্র 'খ'

রীনা পরে দু ভাঁজ করা কাগজের পট্টিকে আবার  
সমান দু ভাঁজ করলো। মোট কত ভাঁজ হল ?



চিত্র 'গ'

মীনা চার ভাঁজ করা কাগজের পট্টিকে আবার  
সমান দু ভাঁজ করলো। মোট কত ভাঁজ হল ?



চিত্র 'ঘ'

চিত্র 'ক' তে সমীর প্রথম নিয়ে আসা কাগজ পট্টি রয়েছে।

চিত্র 'খ' তে কাগজ পট্টির রেখাঙ্কিত ভাঁজটি পুরো কাগজের কত অংশ ?

চিত্র 'গ' তে পূর্বের রেখাঙ্কিত ভাঁজটি পুরো কাগজ পট্টির কত অংশ ?

চিত্র 'ঘ' তে পূর্বের রেখাঙ্কিত ভাঁজটি পুরো কাগজ পট্টির কত অংশ ?

কাগজ পট্টির রেখাঙ্কিত অংশে কোন পরিবর্তন হয়েছে কি ?

রোমরা দেখলে-  $\frac{1}{2} = \frac{1 \times 2}{2 \times 2} = \frac{2}{4}$

$$\frac{2}{8} = \frac{2 \times 2}{8 \times 2} = \frac{4}{16}$$

সেইজন্য

$$\frac{2}{8} = \frac{2}{8} = \frac{4}{16}$$


এগুলো সম ভগ্নসংখ্যা বলে গুরুমাকে জিজ্ঞাসা করে বুঝলাম।

কাছে দাঁড়িয়েছিল খলিল। ও একটা কাগজের পট্টি নিয়ে সমান তিন ভাঁজ করলো। তার এক ভাগে  
রেখাঙ্কিত করলো।

দেখলো রেখাঙ্কিত অংশ  $\frac{1}{3}$

প্রতি ভাগ সমান দুই ভাঁজ করলো। এখন

রেখাঙ্কিত অংশ  $\frac{2}{6}$



তারপর বারম্বার এই কার্য্য করে দেখল


$$\frac{1}{3} = \frac{1 \times 2}{3 \times 2} = \frac{2}{6}$$
$$= \frac{1}{3} \times \frac{8}{8} = \frac{8}{24}$$


ওর কাগজের পট্টিকে বন্ধুদের দেখিয়ে বলল  $\frac{1}{3}, \frac{2}{6}, \frac{8}{24}$  সমান ভগ্ন সংখ্যা।  
সবাই ভাল ভাবে বুঝতে পারলো।


যে কোন ভগ্ন সংখ্যার লব ও হরকে সমান সংখ্যা (শূন্য ছাড়া) দ্বারা গুনলে যে ভগ্ন সংখ্যা হল  
তা মূল ভগ্ন সংখ্যার এক সম ভগ্নসংখ্যা।


● চিত্র ১ ও ২ কেলক্ষ্য কর ও চিত্র ৩ এরং দাও।

১।


(ক)  পুরো বা ১


(খ)   $\frac{1}{2}$


(গ)   $\frac{1}{2}$


(ঘ)   $\frac{1}{2}$

২।


(ক)  পুরো বা ১


(খ)   $\frac{1}{3}$


(গ)   $\frac{1}{3}$


(ঘ)   $\frac{1}{3}$


৩।

(ক)  পুরো বা ১

(খ) 

(গ) 

(ঘ) 

(ঙ) 

চিত্র ৩ (ক) তে বৃত্তাকৃতি ক্ষেত্রকে কত সমান ভাগ করা হয়েছে?

চিত্র ৩ (খ) তে বৃত্তাকৃতি ক্ষেত্রে ৪ সমান ভাগ থেকে ১ ভাগকে রং দাও।

চিত্র ৩ (গ) তে বৃত্তাকৃতি ক্ষেত্রের ৪ সমান ভাগের ২ ভাগকে রং দাও।

চিত্র ৩ (খ) তে বৃত্তাকৃতি ক্ষেত্রের ৪ সমান ভাগের ৩ ভাগকে রং দাও।

চিত্র ৩ (ঙ) তে বৃত্তাকৃতি ক্ষেত্রের ৪ সমান ভাগের ৪ ভাগকে রং দাও।

চিত্রগুলো লক্ষ কর :-

চিত্র ১ এ (ক) ও (খ) উভয় সমান চিত্র দেখাচ্ছে। অর্থাৎ  $\frac{২}{২} = ১$

সেইরকম চিত্র ২ এ সমান চিত্র দেখানো হয়েছে। অর্থাৎ  $\frac{৩}{৩} = ১$

এবং চিত্র ৩ এ (ক) ও (খ) উভয় সমান চিত্র দেখাচ্ছে। অর্থাৎ  $\frac{৪}{৪} = ১$

সুতরাং এর থেকে আমরা জানতে পারলাম যে  $\frac{২}{২} = \frac{৩}{৩} = \frac{৪}{৪} = ১$


সেহজন্য  $\frac{২}{২}, \frac{৩}{৩}, \frac{৪}{৪}$  ইত্যাদি ভগ্ন সংখ্যা নয়।

আমরা জানলাম যে :-

লব ও হর সমান থাকা ভগ্ন সংখ্যা নয়।

তোমাদের জন্য কাজ :-

- এক পাতা মোটা কাগজ নাও।
- কাগজ থেকে ৮ সে. মি. দৈর্ঘ্য ও ১ সে. মি. প্রস্থ বিশিষ্ট চারটে আয়তকৃতি কাগজ পট্টি তৈরী করো।
- চারটে পট্টি ১, ২, ৩, ৪ নাম করন করো।
- ১ নম্বর পট্টিকে সমান ৮ ভাগ করে, এক ভাগ রং করো। ( নিচে দেওয়া চিত্রের মতো)



- সেইরকম ২ নম্বর কাগজ পট্টিকে সমান ৮ ভাগ করে, এক ভাগ রং করো।
- ৩ নম্বর পট্টিকে সমান ২ ভাগ করে, এক ভাগকে রং করো।
- এখন কাগজের পট্টিগুলোকে তলায় তলায় সাজিয়ে রাখ।  
লক্ষ করো প্রত্যেক পট্টির রং করা অংশের পরিমাণ সমান কি না?  
কেন এমন হোলো বন্ধুদের সঙ্গে আলোচনা কর।





## অভ্যাস কার্য


১। চিত্র দেখে সম ভগ্ন সংখ্যা লেখ।

ক)



যেমন





খ)



গ)



ঘ)



২। প্রত্যেক লাইনে থাকা সংরচনাকে দেখ ও পরবর্তী তিনটি ভগ্নসংখ্যা লেখ।

ক)

$$\frac{1}{3} = \frac{2}{6} = \frac{3}{9}$$

\_\_\_\_\_

খ)

$$\frac{8}{5} = \frac{8}{10} = \frac{12}{15}$$

\_\_\_\_\_

গ)

$$\frac{8}{9} = \frac{8}{18} = \frac{12}{27}$$

\_\_\_\_\_

৩। নিম্নলিখিত সংখ্যাগুলোর মধ্য থেকে যে গুলোর মূল্য ১ এর সঙ্গে সমান সেগুলোকে বেছে লেখো।

(ক)  $\frac{1}{3} = \frac{2}{6} = \frac{3}{9}$  = .....

(খ)  $\frac{8}{5} = \frac{8}{10} = \frac{12}{15}$  = .....

(গ)  $\frac{8}{9} = \frac{8}{18} = \frac{12}{27}$  = .....

৪। নীচের প্রত্যেক ভগ্ন সংখ্যার জন্য ছয়টি করে সম ভগ্ন সংখ্যা লেখ।

$$\frac{2}{5}, \frac{1}{3}, \frac{8}{5}$$

যে কোন ভগ্ন সংখ্যার কটা সম ভগ্নসংখ্যা থাকে? তোমার উত্তরের সপক্ষেতে কারন দেখাও।

দুটো ভগ্নসংখ্যা সম ভগ্ন সংখ্যা কী নয়, কেমন করে জানব ?

দুটো ভগ্ন সংখ্যা সম ভগ্ন সংখ্যা কি নয় আমরা জানব কিকরে? সহজে জানতে পারব। নিচের

উদাহরণ দুটো লক্ষ্য কর।

উদাহরণ ১  $\frac{১}{৩}$  ও  $\frac{২}{৬}$  নেওয়া যাক। ওদের লব ও হরকে তীর দিয়ে দেখার মতো গুনন করা যায়।

এই প্রকারের গুননকে **বজ্র গুনন** বলা হয়।

$$\frac{১}{৩} \times \frac{২}{৬}$$

লক্ষ্য কর, প্রথম ভগ্ন সংখ্যার লব সহিত দ্বিতীয় ভগ্ন সংখ্যা হর কে গুনন করা হয়েছে। তেমনি প্রথম

ভগ্ন সংখ্যার হরের সহিত দ্বিতীয় ভগ্নসংখ্যার লবকে গুনন করা হয়েছে।

$\frac{১}{৩}$  ও  $\frac{২}{৬}$  সম ভগ্ন সংখ্যা কি ?

উদাহরণ ২  $\frac{২}{৯} = \frac{৪}{১৮}$  হচ্ছে সম ভগ্ন সংখ্যা।

এখানে  $\frac{২}{৯} = \frac{৪}{১৮}$

ভগ্ন সংখ্যা দুটোকে বজ্র গুনন করলে

$$\frac{২}{৯} \times \frac{৪}{১৮} \quad ৯ \times ৪ = ২৮$$
$$২ \times ১৮ = ২৮$$

উভয় ক্ষেত্রে গুনফল সমান।

এবারে জানা গেল —

দুটো সমভগ্ন সংখ্যার মধ্য থেকে প্রথমের লব ও দ্বিতীয়ের হরের গুনফল এবং প্রথমের হর ও দ্বিতীয়ের লবের গুনফল সমান।



নিম্নে প্রত্যেক জোড়া ভগ্ন সংখ্যার মধ্যে থেকে কোন জোড়া সমভগ্ন সংখ্যা সেটা বজ্র গুনন উপায়ে নির্ণয় কর।

ক)  $\frac{১}{৯}, \frac{৩}{২৭}$

খ)  $\frac{৭}{৮}, \frac{২১}{২৪}$

গ)  $\frac{৩}{৫}, \frac{১২}{১৯}$

ঘ)  $\frac{৩}{১১}, \frac{২১}{৭৭}$

একবার সুনিতার মা একটা তরমুজ এনে কাটল। সুনিতার মা ও খান থেকে দুই চতুর্থাংশ সুনিতাকে ও এক চতুর্থাংশ ওর ভাই মিলনকে দিল।



মিলনের অংশ + সুনিতার অংশ

এক চতুর্থাংশ + দুটো এক চতুর্থাংশ = তিনটে এক চতুর্থাংশ

কিন্তু  $\frac{1}{8} + \frac{2}{8} = \frac{3}{8}$  (এক চতুর্থাংশ + দুই চতুর্থাংশ = তিন চতুর্থাংশ)

লক্ষ্যকরঃ এক চতুর্থাংশ ও দুই চতুর্থাংশ মিশলে তিন চতুর্থাংশ হয়।

তেমনি



দুই ষষ্ঠাংশ

$$\frac{2}{6} + \frac{3}{6} = \frac{5}{6}$$

তিন ষষ্ঠাংশ

যাকে  $\frac{2+3}{6}$


পাঁচ ষষ্ঠাংশ

ভাবেও লেখা যেতে পারে।

আমরা দেখলাম।

$$\frac{2}{6} + \frac{3}{6} = \frac{2+3}{6}$$

অনুরূপ কাজ :




একেও  $\frac{1}{8} + \frac{2}{8} + \frac{3}{8} = \frac{1+2+3}{8} = \frac{6}{8}$  এভাবে লেখায়।

সমহর বিশিষ্ট ভগ্নসংখ্যার যোগ করার সময়ে যোগফল কেমন বেরয় লেখ।

আমরা জানলাম, সমহর বিশিষ্ট ভগ্ন সংখ্যাদের যোগ করার সময়ে —  
যোগফলের লব - যোগ কবর জন্য যোগ্য ভগ্ন সংখ্যার লবের সমষ্টি  
যোগফলের হর যোগ করা প্রত্যেক ভগ্নসংখ্যা হরের সঙ্গে সমান।

### তোমার কাজ

- দুটো সমান সাইজের বৃত্তাকৃতি কাগজ খন্ড নাও।
- প্রত্যেক বৃত্তাকৃতি কাগজ খন্ডকে মাঝখান থেকে ভেঙ্গে দুই সমান ভাগ কর ও একটা ভাগকে রং দাও।
- দুটো বৃত্তাকৃতি কাগজ খন্ডের রং দেওয়া অংশকে মূল কাগজ থেকে আলাদা করে দাও।
- চিত্রে দেওয়ার মতো রঙিন অংশ দুটো জুড়ে রাখ। কি লক্ষ্য করছ?
- এর থেকে তুমি কি জানলে বল।




$$\frac{1}{2} + \frac{1}{2} = 1$$

বা দুটো  $\frac{1}{2}$  মিশে ১ হয়।


## অভ্যাস কার্য

১। আগের পৃষ্ঠাতে তোমার বোঝার জন্য যোগ দেখে ওই প্রকার নীচের খালি ঘর গুলোকে পূরণ কর।

ক) 

+  +  +  =

∴   মিশে ১

খ) 

+  +  +  +  =


∴   মিশে ১

২। খালি ঘর পূরণ কর।

$\frac{1}{8} + \frac{1}{8}$ ও আর <input type="text"/> টি $\frac{1}{8}$ মিশে ১ হবে	৫টি $\frac{1}{5}$ ও আর <input type="text"/> টি $\frac{1}{5}$ মিশে ১ হবে
$\frac{1}{5} + \frac{1}{5} + \frac{1}{5}$ ও আর <input type="text"/> টি $\frac{1}{5}$ মিশে ১ হবে	২টি $\frac{1}{2}$ ও আর <input type="text"/> টি $\frac{1}{2}$ মিশে ১ হবে
$\frac{8}{8}$ ও আর <input type="text"/> টি $\frac{1}{8}$ মিশে ১ হবে	<input type="text"/> টি $\frac{1}{5}$ মিশে ১ হবে
৩টি $\frac{1}{9}$ ও আর <input type="text"/> টি $\frac{1}{9}$ মিশে ১ হবে	<input type="text"/> টি $\frac{1}{10}$ মিশে ১ হবে।

৩। নিচে থাকা উদাহরণ দেখে ও সেই মতো পরবর্তী প্রশ্নগুলোতে থাকা শূন্যস্থান পূরণ কর।

উদাহরণঃ



ক)  $\frac{1}{5} + \frac{2}{5} = \frac{+}{5} = \underline{\hspace{2cm}}$

খ)  $\frac{2}{6} + \frac{2}{6} = \underline{\hspace{2cm}} = \underline{\hspace{2cm}}$

গ)  $\frac{3}{6} + \frac{2}{6} = \underline{\hspace{2cm}} = \underline{\hspace{2cm}}$

ঘ)  $\frac{1}{2} + \frac{2}{2} + \frac{3}{2} = \underline{\hspace{2cm}} = \underline{\hspace{2cm}}$

৪। চিত্রে উপযুক্ত রং দিয়ে ভগ্ন সংখ্যা গুলোকে যোগ কর

	চিত্র	যোগফল
ক) $\frac{1}{8} + \frac{1}{8}$		
খ) $\frac{2}{6} + \frac{4}{6}$		
গ) $\frac{2}{9} + \frac{8}{9}$		
ঘ) $\frac{2}{10} + \frac{4}{10}$		

৫। যোগফল নির্ণয় কর।

ক)  $\frac{২}{৫} + \frac{১}{৫}$

খ)  $\frac{১}{৯} + \frac{৪}{৯}$

গ)  $\frac{৪}{৭} + \frac{২}{৭}$

ঘ)  $\frac{২}{৫} + \frac{১}{৫} + \frac{১}{৫}$

ঙ)  $\frac{২}{৭} + \frac{২}{৭} + \frac{৩}{৭}$


চ)  $\frac{৩}{৮} + \frac{২}{৮} + \frac{৩}{৮}$

## ভগ্ন সংখ্যার বিয়োগ

সুমনের জন্মদিন। ঘরে পিঠে হয়েছিল। সন্দের সময়ে ওর বন্ধু কিশন এসে পৌঁচেছিল। সুমন ওর কাছে থাকা পিঠের চার পঞ্চমাংশের এক পঞ্চমাংশ কিশনকে দিল। এখন সুমনের কাছে পুরো পিঠের কত অংশ থাকল ?




ছিল



চার পঞ্চমাংশ

$$\frac{৪}{৫}$$


গেল



এক পঞ্চমাংশ

$$\frac{১}{৫}$$

থাকল



তিন পঞ্চমাংশ

$$\frac{৩}{৫}$$

এখন পাশের চিত্র লক্ষ্য কর :

মোট রঙিন অংশ সংখ্যা ৪

বিছিন্ন হয়ে থাকা রঙিন অংশ সংখ্যা ১

অবশিষ্ট রঙিন অংশের সংখ্যা ৩

$$\therefore \frac{৪}{৫} - \frac{১}{৫} = \frac{৪-১}{৫} = \frac{৩}{৫}$$




এখন আমরা জানলাম,

সমহর বিশিষ্ট ভগ্ন সংখ্যা বিয়োগের সময়ে

বিয়োগ ফলের লব প্রথম ভগ্ন সংখ্যার লব - ২য় ভগ্ন সংখ্যার লব


বিয়োগ ফলের হর বিয়োগ ক্রিয়াতে থাকা প্রত্যেক ভগ্ন সংখ্যার হর।

এস চিত্র দেখে বিয়োগ করবঃ



$$\frac{6}{8} - \frac{2}{8} = \boxed{\phantom{00}}$$

$$= \boxed{\phantom{00}}$$



$$\frac{5}{6} - \frac{2}{6} = \boxed{\phantom{00}}$$

$$= \boxed{\phantom{00}}$$

এস চিত্র দেখে বিয়োগ করবঃ



$$\frac{6}{8} - \frac{2}{8} = \frac{\boxed{\phantom{00}} - \boxed{\phantom{00}}}{\boxed{\phantom{00}}} = \boxed{\phantom{00}}$$




$$\frac{5}{6} - \frac{2}{6} = \frac{\boxed{\phantom{00}} - \boxed{\phantom{00}}}{\boxed{\phantom{00}}} = \boxed{\phantom{00}}$$



এস খেলবঃ

- চারজন করে একটা দল গড়ে এই খেলা খেলব।
- চিত্রে যেমন একটা বৃত্ত আছে সেই মতো ১২ ভাগ বিশিষ্ট একটি বৃত্ত কর ১৫ টা টোকন কাগজ খন্ড প্রস্তুত কর। এই টোকন গুলোতে নিম্ন কোঠরিতে থাকা ভগ্ন সংখ্যা গুলোর থেকে একটা করে লেখ।।

$\frac{১}{২}$	$\frac{১}{৩}$	$\frac{১}{৪}$	$\frac{১}{৬}$	$\frac{১}{১২}$
$\frac{২}{১২}$	$\frac{৩}{১২}$	$\frac{৪}{১২}$	$\frac{৫}{১২}$	
$\frac{৬}{১২}$	$\frac{৭}{১২}$	$\frac{৮}{১২}$	$\frac{৯}{১২}$	
$\frac{১০}{১২}$	$\frac{১১}{১২}$			



- এখন টোকন গুলোকে একত্র করে একটার ওপর একটা রাখ। যেন লেখা দিকটি নীচের দিকে থাকে।
- এখন খেলা আরম্ভ কর। দলে থাকা চারজনের মধ্যে থেকে একজন আগে টোকনটা ওঠাবে, ওতে লেখা থাকা ভগ্ন সংখ্যা অনুযায়ী বৃত্তের অংশের ওপরে রং দেওয়া হবে ও পূর্ববার টোকনটাকে টোকনের থাকের তলায় রাখবে।।
- এরপর ২য় বাচ্চাটি একটা টোকন নেবে ও তাতে লেখা থাকা ভগ্ন সংখ্যা অনুযায়ী বৃত্তের অংশতে রং দেবে।
- এমনি পর্যায় ক্রমে বাচ্চারা বৃত্তচিত্রের বিভিন্ন অংশে রং দেবে। যে বাচ্চাটি রং দিয়ে সম্পূর্ণ বৃত্তটি রঙিন করতে পারবে সে জিতবে।
- যে যে টোকনে লিখিত সংখ্যা অনুযায়ী বৃত্তটিতে রং দিয়ে বৃত্তটি সম্পূর্ণ ভাবে রঙিন করা হল। বাচ্চারা সেই ভগ্ন সংখ্যা গুলো লিখবে এবং তাদের যোগফল নির্ণয় করবে। (মনে করা যাক টোকনেতে লেখা সংখ্যা গুলো হল  $\frac{৩}{১২}, \frac{১}{১২}, \frac{১}{২}, \frac{১}{৪}$  এখানে দেখা যাবে যে শেষ খেলোয়াড়ের টোকনেতে থাকা ভগ্ন সংখ্যা অনুযায়ী বৃত্তের অংশতে রঙ করা হতে পারবে না। বৃত্তের ২টি খালি ঘর ফাঁকা থাকবে এবং সেটা বৃত্তের  $\frac{১}{৪}$  নয়, এ ক্ষেত্রে ঐ বাচ্চাটাকে বাদ দেওয়া যাবে ও তার টোকনটা অন্য টেবিলের নিচে রাখা হবে। এখন অন্য যে বাচ্চা প্রথমে সুযোগ পেয়েছিল সেও আবার টোকন টানবার সুযোগ পাবে।

## অভ্যাস কার্য

১। শূন্যস্থান পূরণ করে বিয়োগ ফল স্থির কর।

ক)

$$\begin{array}{r} \square \\ \hline \square \end{array}$$

খ)

$$\begin{array}{r} \square - \square \\ \hline \square \end{array} \quad \begin{array}{r} \square \\ \hline \square \end{array}$$

গ)

$$\begin{array}{r} \square - \square \\ \hline \square \end{array} \quad \begin{array}{r} \square \\ \hline \square \end{array}$$

ঘ)

$$\begin{array}{r} \square - \square \\ \hline \square \end{array} \quad \begin{array}{r} \square \\ \hline \square \end{array}$$

২। বিয়োগ কর ও বিয়োগ ফল নির্ণয় কর।

ক)

$$\square \quad \square$$

খ)

$$\square \quad \square$$

গ)

$$\square \quad \square$$

ঘ)

$$\square \quad \square$$

৩। ○ দাগের মধ্যে + বা - চিহ্ন দাও।

ক)  $\frac{৪}{৯} \bigcirc \frac{৩}{৯} = \frac{৭}{৯}$

খ)  $\frac{৩}{৬} \bigcirc \frac{১}{৬} = \frac{২}{৬}$

গ)  $\frac{৪}{৫} \bigcirc \frac{১}{৫} = \frac{৩}{৫}$

ঘ)  $\frac{৭}{৯} \bigcirc \frac{১}{৯} = \frac{৮}{৯}$

ঙ)  $\frac{৪}{৮} \bigcirc \frac{১}{৮} = \frac{৫}{৮}$

চ)  $\frac{১}{১০} \bigcirc \frac{১}{১০} = \frac{২}{১০}$

৪। মূল্য নিরূপন কর

ক)  $\frac{১}{৫} + \frac{৩}{৫} - \frac{২}{৫}$

খ)  $\frac{১}{৯} + \frac{৭}{৯} - \frac{৪}{৯}$

গ)  $\frac{১}{৭} + \frac{৪}{৭} - \frac{২}{৭}$

ঘ)  $\frac{৩}{৮} + \frac{২}{৮} - \frac{৫}{৮}$

৫। রমেশ বাবু তাঁর বাগানে লাগানো কলা গাছের মধ্যে  $\frac{৩}{১০}$  অংশ তরকারী কলা ও অবশিষ্ট পাকা কলা। তাহলে মোট কলা গাছের মধ্যে পাকা কলা গাছের সংখ্যা কত? একটা খুঁটির  $\frac{১}{৭}$  অংশ কালো রং,  $\frac{২}{৭}$  অংশ লাল রং ও  $\frac{৪}{৭}$  অংশ হলদে রং দেওয়া হয়েছে। তবে—

ক) খুঁটির মোট কত অংশ রং দেওয়া হয়েছে।?

খ) কোন রং সর্বাধিক?

গ) কোন রং সর্বনিম্ন?

ঘ) হলদে রং দেওয়া হয়ে থাকা অংশ থেকে কত কম লাল রং অংশ রং দেওয়া হয়েছে।

আমরা নীচু ক্লাস গুলোতে বিভিন্ন প্রকার মুদ্রা ও নোটের সঙ্গে পরিচিত হয়েছি। দৈনন্দিন জিনিস পত্রের কেনা বেচাতে সেগুলি ব্যবহার করেছি। এস আরও কিছু অধিক মূল্যের মুদ্রাও নোট চিনবো। সেগুলো চিনে নীচের কুঠুরিতে সেগুলোর পরিমাণ লেখো।








এবার মুদ্রা ও নোট গুলোর মোট মূল্য নির্ণয় করব।

মুদ্রা / নোট	মোট মূল্য
	১৪ টাকা

## মনে আছে কি?

- ১ টাকা = ১০০ পয়সা
- উভয় টাকা ও পয়সার পরিমাণ লেখার সময়ে মাঝখানে একটা বিন্দু (.) দিয়ে লিখতে হয়।  
যেমন ১১ টাকা ২৫ পয়সাকে আমরা ১১ টাকা ২৫ পঃ লিখি। = ১১.২৫

একটা অফিসের কর্মচারীদের এক মাসের মাইনে পাওয়া টাকার পরিমাণ নীচের সারণীতে দেওয়া হয়েছে। প্রত্যেককে মাইনা দেবার জন্য কত মূল্যের নোট ও মুদ্রা কত আবশ্যিক লেখ।

কর্মচারীর নাম	মাইনার পরিমাণ	কোন নোট বা মুদ্রা থেকে কতটা দরকার
নিহার	৯৬৫০	
মিহির	৬৩৮৫	
তুষার	৫২৮৩	
মেহেবুবা	৮৫৩৫	
সেলিম	৭৩০০	
রাজিন্দর সিং	৬০০০	

তুমি লেখা উত্তর ও তোমার বন্ধুর উত্তর সমান হয়েছে কি? উত্তর আলাদা হল কেন?

প্রথমে থাকা নোটের মূল্যের সঙ্গে দক্ষিণ পার্শ্বে যে নোটগুলোর মূল্য সমান তার সঙ্গে দাগ টেনে জোড়।



১০০ টা	১০০ টা	১০০ টা	১০০ টা	১০০ টা			
১০০ টা	১০০ টা	১০০ টা	১০০ টা	৫০ টা			
১০০ টা	১০০ টা	১০০ টা	৫০ টা	৫০ টা			
১০০ টা	১০০ টা	৫০ টা	৫০ টা	৫০ টা	৫০ টা	৫০ টা	৫০ টা
১০০ টা	৫০ টা	২০ টা	১০ টা	৫ টা	২ টা	১ টা	



বাঁদিকে থাকা নোটের মূল্যের সঙ্গে দক্ষিণ পার্শ্বে থাকা যে নোট গুলোর মূল্য সমান তার সহিত দাগ টেনে জোড়।



		৫০০টা	৫০০টা		
৫০০টা	১০০টা	১০০টা	১০০টা	৫০টা	৫০টা
৫০০টা	১০০টা	১০০টা	১০০টা	১০০টা	১০০টা
৫০০টা	১০০টা	৫০টা	২০টা	১০টা	৫টা
৫০০টা	১০০টা	১০০টা	১০০টা	৫০টা	৫০টা



শূন্যস্থান পূরণ কর।

১০০ টাকা =	_____ টা ৫০ টাকার নোট	১০০০ টাকা =	_____ টা ৫০০ টাকা নোট
=	_____ টা ১০ টাকার নোট	=	_____ টা ১০০ টা নোট
=	_____ টা ৫ টাকার নোট	=	_____ টা ৫০ টাকার নোট
=	_____ টা ২ টাকার নোট	=	_____ টা ৫ টাকার নোট
৫০০ টাকা	_____ টা ১০০ টাকার নোট	=	_____ টা ১০ টাকার নোট
=	_____ টা ৫০ টাকার নোট	=	_____ টা ৫ টাকার নোট
=	_____ টা ২০ টাকার নোট		
=	_____ টা ১০ টাকার নোট		
=	_____ টা ৫ টাকার নোট		



বিভিন্ন ফলের দাম পড়ে প্রশ্নগুলোর উত্তর লেখ

কলার কাঁদি



৪৫০ টাকা

আপেল



৩৭৫ টাকা

কমলা



৩২০ টাকা

আতা বুড়ি



২৮০ টাকা

পোয়ারা



১৪৫ টাকা

- ক) আপেলের বুড়ি ও কমলার বুড়ির দাম মিশে কত ?  
 খ) কলার কাঁদি ও আতার বুড়ির দাম মিশে কত ?  
 গ) আপেলের বুড়ি ও কলার কাঁন্দির দাম মিশে কত ?  
 ঘ) কমলার বুড়ি ও কলার কাঁন্দির দাম মিশে কত ?  
 ঙ) আপেল, কমলা ও পেয়ারার বুড়ির দাম মিশে কত ?

নিচের আনাজ গুলোর দাম পড়ে প্রশ্ন গুলোর উত্তর লেখ।

ফুলকপি,



৩৫ টা ৩৫পঃ

বাঁধা কপি,



২০ টাকা

কাঁচ কলা



৪০ টাকা

পেঁপে



১৫ টা ৫০প

- ক) ফুলকপির দাম বাঁধা কপির দামের থেকে কত অধিক ?  
 খ) পেঁপের দাম ফুলকপির দামের থেকে কত কম ?  
 গ) কলার ছড়ার দাম বাঁধাকপির দামের থেকে কত বেশি ?

- এস টাকাকে পয়সা ও পয়সাকে টাকাতে পরিণত করব।

আমরা জানি ১ টাকা = ১০০ পয়সা

২ টাকা = ২০০ পয়সা

৫ টাকা = পয়সা

৭ টাকা = পয়সা

১১ টাকা = পয়সা

আমরা জানলামঃ \_\_\_\_\_

টাকাকে পয়সাতে পরিণত করতে হলে আমরা টাকার পরিমাণকে ১০০ দিয়ে গুনন করব বা টাকার পরিমাণের ডান দিকে দুটো শূন্য লিখব।

উদাহরণ-১



$$1 \text{ টাকা } 50 \text{ পয়সা} = 100 \text{ পয়সা} + 50 \text{ পয়সা} \\ = 150 \text{ পয়সা}$$



## উদাহরণ-২

৫ টাকা ২৫ পয়সাকে পয়সাতে পরিনত কর।

সমাধানঃ ১ টাকা = ১০০ পয়সা

৫ টাকা = ৫০০ পয়সা

৫ টাকা ২৫ পঃ = ৫০০ পয়সা + ২৫ পয়সা = ৫২৫ পয়সা



শূন্যস্থান পূরণ করঃ

ক) ২টা ৭৫ পঃ =            পয়সা +            পয়সা =            পয়সা

খ) ৮টা ৬০ পঃ =            পয়সা +            পয়সা =            পয়সা

গ) ১২টা ৮০ পঃ =            পয়সা +            পয়সা =            পয়সা

• এখন পয়সার পরিমাণকে কেমন করে টাকাতে পরিনত করা হয় দেখ।

উদাহরণ ৩ঃ ৪২৫ পয়সাকে টাকাতে পরিনত কর।

সমাধান            ৪২৫ পয়সা = ৪০০ পয়সা + ২৫ পয়সা

= ৪ টাকা ২৫ পয়সা বা ৪.২৫ টাকা

উদাহরণ ৪ঃ ১০৫০ পয়সাকে টাকাতে পরিনত কর।

সমাধান            ১০৫০ পয়সা = ১০০০ পয়সা + ৫০ পয়সা

= ১০ টাকা + ৫০ পয়সা

= ১০ টাকা ৫০ পয়সা বা ১০.৫০ টাকা

উত্তর লেখঃ

ক) ১০০০ পয়সা =            টাকা

খ) ৫৭০ পয়সা =            পয়সা +            পয়সা

=            টাকা +            পয়সা

=    টা   পয়সা

গ) ৯০৫ পয়সা =            পয়সা +            পয়সা

=            টাকা +            পয়সা

=    টা   পয়সা



পয়সার পরিমাণকে কীভাবে টাকাতে পরিনত করা হল লেখ।

আমরা জানলামঃ

পয়সাকে টাকাতে পরিনত করতে হলে সংখ্যার ডানদিক থেকে দুটো অঙ্ক ছেড়ে বিন্দু (.) দেওয়া হবে

টাকা পয়সার যোগঃ

বাপি দোকান থেকে ২৮ টাকা ৪০ পয়সা মূল্যের আলু ও ৩২ টাকা ৫০ পয়সা মূল্যের পেঁয়াজ কিনল তবে মোট কত টাকার জিনিস কিনল ?

এখন আলু ও পেঁয়াজের মোট মূল্য জানার জন্য আমাদের ২৮ টাকা ৪০ পয়সা ও ৩২ টাকা ৫০ পয়সাকে যোগ করতে হবে। এগুলোকে কিভাবে যোগ করা হয়েছে দেখ।

প্রথম প্রণালীঃ

আলুর মূল্য = ২৮ টাকা ৪০ পয়সা  
পেঁয়াজের মূল্য = ৩২ টাকা ৫০ পয়সা  
২৮ টাকা ৪০ পয়সা = ২৮৪০ পয়সা  
৩২ টাকা ৫০ পয়সা = ৩২৫০ পয়সা  
মোট মূল্য = ২৮৪০ পয়সা + ৩২৫০ পয়সা  
= ৬০৯০ পয়সা  
= ৬০.৯০ টাকা

দ্বিতীয় প্রণালীঃ

আলুর মূল্য = ২৮.৪০  
পেঁয়াজের মূল্য = ৩২.৫০  
মোট মূল্য = ৬০.৯০ টাকা

উভয় প্রণালীতে সমান উত্তর পাওয়া গেল, কিন্তু উভয় প্রণালীর মধ্যে কী তফাত আছে লেখ।

লক্ষ্য কর, প্রথম প্রণালীতে উভয় মূল্যকে পয়সাতে পরিনত করে যোগ করা হয়েছে ও তার ফলে যে যোগফল পাওয়া গেল তাকে আবার টাকাতে পরিনত করা হল। কিন্তু দ্বিতীয় প্রণালীতে উভয় পরিমাণকে স্তম্ভের নিচে নিচে লিখে পয়সা কে পয়সার সঙ্গে ও টাকাকে টাকার সঙ্গে যোগ করে উত্তর নির্ণয় করা হয়েছে। দুটো প্রণালী মধ্যে তোমার কোনটা ভাল লাগছে ও কেন ?

## নিজে করঃ

ফতিমা ৪৬ টাকা ৬০ পয়সা মূল্যের একটা জ্যামিতি বাক্স ও ৪৮ টাকা ৩০ পয়সা মূল্যের একটা রঙের তুলি কিনল। দুটো জিনিস কেনার জন্য ও মোট কত খরচ করল ?

## টাকা পয়সার বিয়োগঃ

উদাহরণঃ ৯৫ টাকা ৫০ পয়সা - ৭০ টাকা ৮৫ পয়সা = কত ?

## সমাধানঃ

### প্রথম প্রনালী

$$৯৫ \text{ টাকা } ৫০ \text{ পয়সা} = ৯৫৫০ \text{ পয়সা}$$

$$৭০ \text{ টাকা } ৮৫ \text{ পয়সা} = ৭০৮৫ \text{ পয়সা}$$

$$\underline{\hspace{10em}}$$
$$২৪৬৫ \text{ পয়সা}$$

$$২৪৬৫ \text{ পয়সা} = ২৪.৬৫ \text{ টাকা}$$

### দ্বিতীয় প্রনালী

টাকা                      পয়সা

$$\begin{array}{r} ৯৫ \\ - ৭০ \\ \hline ২৪ \end{array}$$

$$\begin{array}{r} ৫০ \\ - ৮৫ \\ \hline ৬৫ \end{array}$$

$$\begin{array}{r} ২৪ \\ ৬৫ \end{array}$$

দুটোর বিয়োগ পদ্ধতি দেখ। দুটো পদ্ধতির মধ্যে কি তফাত আছে বল।

## রেট চার্ট বা তালিকা প্রস্তুতিঃ

তোমার গ্রামে বা গ্রামের কাছে ডাক ঘরে গিয়ে পোস্ট কার্ড, অন্তর্দেশীয় পত্র ও খামের দাম কত বুঝে লেখ।

একটি পোস্ট কার্ডের দাম কত ?

\_\_\_\_\_

একটি অন্তর্দেশীয় পত্রের দাম কত ?

\_\_\_\_\_

একটি খামের দাম কত ?

\_\_\_\_\_

জিনিষের নাম	দাম
পোস্ট কার্ড	০.৫০ টাকা
অন্তর্দেশীয় পত্র	২.৫০ টাকা
খাম	৫.০০ টাকা

লক্ষ্য কর, একটা পোস্টকার্ডের মূল্য হচ্ছে ৫০ পয়সা। একে পোস্ট কার্ডের দাম বা রেট বলা হয়। কিন্তু ৪টে পোস্ট কার্ড কিনলে ২ টাকা দিতে হবে। এখানে ২ টাকা হচ্ছে দাম। তেমনি অন্তর্দেশীয় পত্রের দাম হচ্ছে ২.৫০ টাকা; একটা অন্তর্দেশীয় পত্র কিনলে টা ২.৫০ দিতে হতে হবে। দুটো অন্তর্দেশীয় পত্র কিনতে ৫.০০ টাকা দরকার। একে বলা হয় দাম।

মিতা তোমার মতন ৪র্থ শ্রেণীতে পড়া ছাত্র। একবার বাবার সঙ্গে ঘরের জিনিস পত্র আনতে দোকানে গেল। কি কি জিনিস আনতে হবে মা তার তালিকা প্রস্তুত করেছিলেন। দোকানী তালিকা অনুসারে জিনিস দিল এবং মিতাকে একটা কাগজ ধরিয়ে দিল। কাগজে কি লেখা ছিল এস দেখব।

## শ্রী কান্ত ভ্যারাইটি ষ্টোর

ফর্দ নম্বর ৬৫৮

তারিখ-২০-১-২০১৯

বিক্রেতার নামঃ মিতা মিশ্র

ক্রঃ নংঃ	জিনিসের নাম	পরিমাণ	রেট বা দাম	দাম
১। অড়র	ডাল	১ কিঃ গ্রাঃ	৭০ টাকা	৭০ টাকা
২।	সরষে তেল	১ লিটার	৬৫ টা/ লিঃ	৬৫ টাকা
৩।	পেয়াঁজ	১ কিঃ গ্রাঃ	১২ টাঃ /কিগ্রা	১২ টাকা
৪।	আলু	১ কিগ্রা	১৬ টা/ কিগ্রা	১৬ টাকা
৫।	দেশলাই	১ টা ১ টা /	একটাকে ১ টাকা	১ টাকা
(একশ চৌষটি টাকা মাত্র)			মোট	১৬৪ টাকা

বিক্রেতার দস্তখত

ওপরের ফর্দ পড়ে নীচের প্রশ্ন গুলোর উত্তর লেখ।

ক) সে কোন দোকান থেকে জিনিস পত্র এনেছিল? .....

খ) মিতা কি কি জিনিস কিনল? .....

গ) জিনিসপত্রের জন্য কত টাকা দিয়েছিল? .....

ঘ) দোকানী পেয়াঁজ কত দামে বিক্রি করল? .....

ঙ) সরষে তেলের দাম কত? .....

এই রকম দর দাম লেখা কাগজকে **ফর্দ** বলা হয়।

 ফর্দ থেকে কি কি সূচনা পাওয়া যায় লেখ।

দৈনন্দিন জীবনে আমরা টাকা পয়সা সম্বন্ধীয় বিভিন্ন হিসাব নিকাশ করি। এস নীচের প্রশ্নটির সমাধান করি।

### সমাধান করঃ

অমিত জন্ম দিনের জন্য মায়ের সঙ্গে গিয়ে ২২০ টাকা দিয়ে একটা প্যান্ট ও ১২৫ টাকা দিয়ে একটা শার্ট কিনে দোকানীকে ৫০০ টাকার নোট দিল। দোকানী কত টাকা ফেরাবে?

### সমাধানঃ

একটা প্যান্টের দাম =

একটা শার্টের দাম =

=

=

=

দোকানী ফেরাল =

## অভ্যাস কার্য

১। খালিস্থান পূরণ কর

ক) ৪ টাকা = পয়সা

খ) ৯ টাকা = পয়সা

গ) টাঃ ৬.৩৫ = পয়সা

ঘ) টাক ৭ ০৮ পঃ = পয়সা

ঙ) টাক ১৫ ২৯ = পয়সা

চ) টাকা ৪৯. ৭০ = পয়সা

২। টাকায় প্রকাশ কর

ক) ৬০০ পয়সা =

খ) ৯৯০ পয়সা =

গ) ৮৮৮ পয়সা =

ঘ) ১৬০৮ পয়সা =

ঙ) ৩০৭০ পয়সা =

চ) ৫০০৫ পয়সা =

৩। দেওয়া হয়ে থাকা দুটো পরিমাণকে পয়সাতে পরিনত করে যোগফল নির্ণয় কর।

ক) টাক ১৯.৭৫ ও টাকা ৫০.২৫

খ) টাকা ২৬.৩০ ও টাকা ৩৬.৮৮

গ) টাকা ৯.৯৯ ও টাকা ৮৮.৮৭

ঘ) টাকা ৪২.০৯ ও টাকা ৫৬.৯৫

৪। যোগ কর

ক)	টাকা	পয়সা	খ)	টাকা	পয়সা	গ)	টাক	পয়সা
	৫৫	৮০		৬৫	৭০		৮০	৫০
	+ ২৫	৬০		+ ৩৩	৭৫		+ ৫০	৬০
	<hr/>			<hr/>			<hr/>	
	<hr/>			<hr/>			<hr/>	

৫। পয়সাতে পরিনত করে বিয়োগ কর।

ক) টাকা ২১.২০ পয় থেকে টাক ১৫.৭৫ পঃ

খ) টাঃ ৩৫.৫০ থেকে টাক ২৭.৮৫ পঃ

গ) টা ৯৯.৮৫ পয় থেকে টাক ২৯/৯০ পঃ

ঘ) টাক ১০৮.৮৮ পঃ থেকে টাকা ৬৮.৬০ পয়ঃ

৬। বিয়োগ ফল নির্ণয় কর

ক)	টাকা	পয়সা	খ)	টাকা	পয়সা	গ)	টাকা	পয়সা
	৪২	৩০		৫৬	৪০		২১২	২৫
	- ২৯	৭০		- ৩৮	৮০		- ৯৯	৯০
	<hr/>			<hr/>			<hr/>	
	<hr/>			<hr/>			<hr/>	

৭। নিচে কিছু জিনিষের দাম দেওয়া হয়েছে। ১ জন প্রত্যেকটা থেকে দুটো করে কিনল। তুমি এর জন্য অসম্পূর্ণ চিঠাকে সংপূর্ণ কর ও দোকানীকে কত টাকা দেবে বল ?

একটা খাতার দাম ১০ টাকা

একটা কলমের দাম ৫ টাকা

একটা পেনসিলের দাম ২ টাকা

একটা রবারের দাম ১ টাকা

একটা জ্যামিতি বাক্সের দাম ৪০ টাকা

ফর্দ নম্বর - ৭২		তারিখ - ১১-০৮-১৯		
ক্রেতার নাম - জন				
ক্রমিক নম্বর	জিনিষের নাম	পরিমাণ	দাম	দাম

খ) রিফ্রিজি দোকান থেকে প্রত্যেক জিনিষ একটা করে কিনে দোকানীকে ১০০ টাকার নোট দিল। দোকানী কত টাকা ফিরিয়ে দেবে?

রিফ্রিজি দোকানীকে দিল =                      টাকা

জিনিষের মোট দাম =                      টাকা

দোকানী ফিরিয়ে দিল =                      টা

৮। নিচে কিছু জিনিষের দাম দেওয়া হয়েছে। ভিকি প্রত্যেকটা থেকে একটা করে কিনে দোকানীকে ১০০ টাকা দিল। ও কত টাকা ফিরে পাবে? এর একটা ফর্দ প্রস্তুত কর।

সাবান -                      ১৫ টাকা ৭৫ পয়সা

নারকেল তেল -                      টা ৩২.৫ পয়সা

মোমবাতি -                      টা ২.৫০ পয়

মশাধূপ -                      টাক ১৮.০০ পঃ

কলগেট পেপ্ট -                      টা ২৭.০০ পঃ

৯। ক) সোরেন পোস্ট অফিস থেকে দুটো করে পোস্ট কার্ড, অন্তর্দেশীয় পত্র ও খাম কিনে ৫০ টাকার নোট দিলেন, পোস্ট মাস্টার ওনাকে কত টাকা ফেরাবেন? এর একটা ফর্দ প্রস্তুত কর।

খ) ও যদি ১০০ টাকা দিয়ে থাকত, তবে পোস্ট মাস্টার ওকে কত টাকা ফিরিয়ে দিতেন?

১০। নীচে কত গুলো জিনিষের দাম দেওয়া হয়েছে। তার অর্থ কাছের খালি ঘরে লেখ।

জিনিস	দাম	অর্থ
আটা	কিঃগ্রাঃ ১৬ টাকা	১ কিঃগ্রাঃ আটার মূল্য ১৬ টাকা
চাল	কিঃগ্রাঃ ১২ টাকা	
রিফাইন তেল	লিটার ৬৮ টাকা	
কলা	ডজন ২৫ টাকা	
নারকেল	একটা ৫ টাকা ৫০ পয়সা	
মোমবাতি	প্যাকেট ২০ টাকা	
পেপ্ট	১০০ গ্রাম ২৮ টাকা	

১১। এসমা জল খাবারের দোকানে গেল। দোকানে দামের তালিকা টাঙ্গান ছিল।

রেট তালিকা

জিনিস	দাম
বড়া	২.৫০ টাকা একটা
আলুর চপ	১.০০ টাকা একটা
সিঙ্গাড়া	২.০০ টাকা একটা
রসগোল্লা	২.৫০ টাকা একটা
তরকারি	৩.৫০ টাকা / প্লেট

এসমা ৪টে বড়া, ২টা আলুরচপ, ৬টা সিঙ্গাড়া, ৪ টে রসগোল্লা ও ২ প্লেট তরকারী কিনে ৫০ টাকা দিল। এর একটা চিঠা প্রস্তুত কর।

১২। নিচে একটা প্রশ্নের সমাধান দেওয়া হয়েছে। যে প্রশ্নর জন্য এই সমাধান দেওয়া হয়েছে। সেই প্রশ্নটাকে তোমার খাতায় লেখ।

একটা ড্রাইং খাতার দাম = ৮.৫০ টাকা

একটা পেনসিলের দাম = ২.৭৫ টাকা

মোট = ১১.২৫ টাকা

দোকানীকে লিলি দিল = ২০.০০ টাকা  
লিলি কিনল = ১১.৫০ টাকা  
দোকানী ফেরাল = ৮.৭৫ টাকা

১২। মিকিলি ও টিকিলি দুই বোন, বাবার কাছ থেকে টাকা এনে মাঝে মাঝে মাটির ভাঁড়ে ফেলে। একদিন মাটির ভাঁড় ভেঙ্গে গোনা হল। মিকি পেল ৮৭ টাকা ও টিকিলি পেল ১২৬ টাকা। এবারে বল ও লেখ।



ক) গুটিতে কত টাকা ছিল?

খ) মিকিলির টাকা টিকিলির টাকা থেকে কত কম?

১৩। একটা টর্চের দাম ১৩০ টাকা। একটা ছাতার দাম ওর থেকে ১৭ টাকা কম হলে।

ক) ছতার দাম কত?

খ) উভয়ের দাম মিশে কত?

১৪। একটা পেনসিল বাস্কের দাম টাক ২৫.৫০। জ্যামিতি বাস্কের দাম ওর অপেক্ষা টাক ১৯.৪০ অধিক।

ক) জ্যামিতি বাস্কের দাম কত?

খ) দুটোর দাম মিশে কত?


১৫। লীনা ওর বড় ভাই এর কাছে রাখী পাঠাবার জন্য ডাক ঘরে গেল। পোস্টমাষ্টার বললেন এর জন্য ২৫ টাকার ডাক টিকিট দরকার। কিন্তু ডাক ঘরে ১ টাকা, ২ টাকা, ৫ টাকা ও ১০ টাকার ডাক টিকিট পাওয়া যাচ্ছিল। সে কত টাকার কটা করে টিকিট কিনে ২৫ টাকার ডাক টিকিট খামে লাগাবে?

এই প্রশ্নের ভিন্ন ভিন্ন উত্তর সম্ভব, তোমরা যে কোন চার প্রকার উপায়ে ২৫ টাকার ডাক টিকিট কেনবার উত্তর লেখ।)

--	--	--	--



এসো, আমরা যে বিভিন্ন প্রকারের স্কেল ব্যবহার করি ও গুলোর লম্বার বিষয়ে আলোচনা করি।



এই স্কেল সাধারণত আমাদের জ্যামিতি বাক্সে থাকে। লাইন টানার জন্য আমরা এর ব্যবহার করি। এর দৈর্ঘ্য ১৫ সেমি। তুমি এই স্কেল কি কি কাজে ব্যবহার করেছ, তার পাঁচটি উদাহরণ দাও।

---



---



এই প্রকার স্কেলের দৈর্ঘ্য হচ্ছে ৩০ সেঃ মিঃ। তুমি কি এই রকম স্কেল দেখেছ? এটি কি কি কাজে ব্যবহৃত হয় শিক্ষকের কাছে বুঝে লেখো।

---



---

কাপড়ের দোকানে কাপড় কেনার সময়ে কাপড় মাপবার জন্য এক লম্বা স্কেলের ব্যবহার হ'তে দেখেছ এই স্কেল টি হলো এক মিটারের লাঠি। এর দৈর্ঘ্য ১ মিটার বা ১০০ সেন্টিমিটার। এই স্কেল সম্বন্ধে তুমি তৃতীয় শ্রেণীতে পড়েছ। কোন কোন জায়গায় এই স্কেল (মিটার লাঠি) ব্যবহার হতে তুমি দেখেছো বল ও লেখ।

---




---



---

তোমার শ্রেণীর দেওয়ালে মেজে থেকে ২ মিটার লম্বা সোজা দাগ টান। মেঝে থেকে ১০ সেঃ মিঃ। দূরত্ব রেখে চিহ্ন দাও। ছবিতে যেমন দেখানো হয়েছে। লক্ষ্য কর, শ্রেণী গৃহের দেওয়ালে একটা ২ মিটার দৈর্ঘ্যের চিত্র স্কেল তৈরি হয়ে গেল। এক একজন করে বাচ্চারা তার সামনে দাড়াও। দেওয়ালে ঐঁকে দেওয়া স্কেলে লক্ষ্য করলে প্রত্যেক শিশুর উচ্চতা জানা যাবে। এখন নীচের সারণীতে তোমার যে কোনো ৪ জন বন্ধুর নাম লিখে ওদের উচ্চতা লেখো।



বাচ্চাদের নাম	উচ্চতা (সেঃ মি)	উচ্চতা (মিঃ ও সেঃ মিঃ)
রাম	১৩৫ সেঃমি	১ মিঃ ৩৫ সেঃমিঃ

- মিটার লাঠির সাহায্যে নিচের সারণীর বাঁধ স্তম্ভের দেওয়া দৈর্ঘ্যের পরিমাণ মেপে লেখ। সেই মাপকে সেঃ মিঃ এ প্রকাশ কর।

মাপার জিনিষ	মাপ (মিঃ ও সেঃমিঃ)	মাপ (সেঃমিঃ)
জানলার দৈর্ঘ্য		
বারান্দার দৈর্ঘ্য		
ব্ল্যাক বোর্ড দৈর্ঘ্য		
টেবিলের দৈর্ঘ্য		

যে কোনো জিনিষের দৈর্ঘ্য মিটার ও সেন্টিমিটারে থাকলে তাকে কেমন করে সেন্টিমিটারে প্রকাশ করা যাবে সেটা জেনে নাও।

নিচের উদাহরণ গুলোকে লক্ষ্য করঃ

**উদাহরণ ১ঃ** ৪৫ মিটার ৫০ মেঃ মিঃ কে সেঃমিঃ প্রকাশ করব।

আমরা জেনেছি, ১ মিটার = ১০০ সেঃ মিঃ

৪৫ মিটার = ৪৫০০ সেঃ মিঃ

৪৫ মিঃ ৫০ সেঃ মিঃ = ৪৫ মি. + ৫০ সে.মি.  
= ৪৫০০ সে. মি. + ৫০ সে. মি.  
= ৪৫৫০ সে. মি.

উদাহরণ ২ঃ ১৬ মিঃ ৮৫ সেঃ মিঃ = ১৬০০ সে. মি. + ৮৫ সে. মি.  
= ১৬৮৫ সে. মি.

উদাহরণ ৩ঃ ২৩ মিটার ২০ সেঃ মিঃ = ২৩০০ সে. মি. + ২০ সে. মি.  
= ২৩২০ সে. মি.

আমরা কি পেলাম ?

দৈর্ঘ্য (মি ও সেঃ মিঃ এককে)	দৈর্ঘ্য (কেবল সেঃ মিঃ এককে)
৪৫ মিঃ ৫০ সেঃ মিঃ	৪৫৫০ সেঃ মিঃ
১৬ মিঃ ৮৫ সেঃ মিঃ	১৬৮৫ সেঃ মিঃ
২৩ মিঃ ২০ সেঃ মিঃ	২৩২০ সেঃ মিঃ

যে কোন দৈর্ঘ্যের পরিমাণকে মিটার ও সেন্টিমিটার এককে দেওয়া হয়ে থাকলে ওকে কিভাবে সেন্টিমিটারে প্রকাশ করা যায় বল।

কোন জিনিষের দৈর্ঘ্য মিটার ও সেন্টিমিটারে দেওয়া হয়েছিল, এই দৈর্ঘ্যকে কিভাবে সেন্টিমিটার এককে প্রকাশ করার জন্য প্রথমে মিটারে থাকা পরিমাণকে সেন্টিমিটারে প্রকাশ করে ওতে সেন্টি মিটারে থাকা পরিমাণকে যোগ করতে হয়

👉 নিজে কর :

- ক) কোনাৰ্কে থাকা প্রসিদ্ধ সূর্য মন্দিরের উচ্চতা ৭০ মিঃ ১০ সেঃ মিঃ। একে সেন্টিমিটারে প্রকাশ করলে কত হবে ?
- খ) পুরী জগন্নাথ মন্দিরের উচ্চতা প্রায় ৬৫ মিঃ ৫৩ সেঃ মিঃ এই উচ্চতাকে সেন্টিমিটারে প্রকাশ কর।

এখন কোন দৈর্ঘ্য কেবল সেন্টিমিটারে থাকলে ওকে কী করে মিটার এককে প্রকাশ করা যায় দেখা যাক।

একটা গাছের লম্বা ১৭৫২ সেন্টিমিটার। এই দৈর্ঘ্যকে মিটারে প্রকাশ করলে কত হবে?

১৭৫২ সেঃ মিঃ কে আমরা ১৭০০ সেঃ মিঃ ও ৫২ সেঃ মিঃ রে প্রকাশ করতে পারবো।

১৭৫২ সেঃ মিঃ = ১৭০০ সেঃ মিঃ + ৫২ সেঃ মিঃ

= ১৭ মিঃ + ৫২ সেঃ মিঃ = ১৭মিঃ ৫২ সেঃ মিঃ

১৭৫২ সেঃমিঃ ১৭০০ + ৫২ সেঃ মিঃ ১৭৫০ সেঃ মি + ২ সেঃমিঃ ভাবে লিখলে কি হবে?

☞ তেমনি তুমি ২২৪০ সেঃমিঃ ও ৮৫০ সেঃ মিঃ কে মিটারে এককে পরিণত কর।

দৈর্ঘ্য মাপ করার জন্য যেমন সেন্টিমিটার ও মিটার এককের ব্যবহার করা হয়ে থাকে, তেমনি কিলোমিটার ও অনেক পরিস্থিতিতে ব্যবহার করা হয়।

কোন কোন ক্ষেত্রে কিলোমিটার এককের ব্যবহার হয়ে থাকে।

কিলোমিটারকে সংক্ষেপে কিঃ মিঃ বলে লেখা হয়।

১ কিলোমিটার ১০০ মিটার

☞ ক) কিঃ মিঃ কে মিঃ রে প্রকাশ কর -

২ কিঃ মিঃ = \_\_\_\_\_ মিঃ

৩ কিঃ মিঃ = \_\_\_\_\_ মিঃ

৪ কিঃ মিঃ = \_\_\_\_\_ মিঃ

৫ কিঃ মিঃ = \_\_\_\_\_ মিঃ

খ) কিলোমিটারে প্রকাশ কর

১০০০ মি = \_\_\_\_\_ কিঃ মিঃ

২০০০ মিঃ = \_\_\_\_\_ কিঃমিঃ

৭০০০ মিঃ = \_\_\_\_\_ কিঃমিঃ

৩০০০ মি = \_\_\_\_\_ কিঃ মিঃ

৫০০০ মিঃ = \_\_\_\_\_ কিঃমিঃ

১০০০০ মিঃ = \_\_\_\_\_ কিঃমিঃ

নিচে দেওয়া উদাহরনকে লক্ষ্য কর।

৩ কিঃ মিঃ ৯০০ মি কে মিটারে প্রকাশ কর।

৩ কিঃ মিঃ ৯০০ মিঃ = ৩ কিঃ মিঃ + ৯০০ মিঃ

= ৩০০০ মিঃ + ৯০০ মিঃ

= ৩৯০০ মিঃ

কীভাবে লিখবে?

যেমন	১ কিমি ১২০ মি	১ কিমি + ১২০ মি	১০০০ মি + ১২০ মি	১১২০ মিটার
	২ কিমি ২২৯ মি			
	৩ কিমি ৮৯ মি			
	৭ কিমি ৩৩৪ মি			
	৮ কিমি ২২৪ মি			
	৯ কিমি ৮ মি			
	৫ কিমি ৮৩০ মি			
	৬ কিমি ৭৮০ মি			

লক্ষ্য কর : কিমি ও মিঃ কে মিটারে পরিবর্তন করার সময়ে কিমি কে ১০০০ দিয়ে গুনন করে, গুনফলে মিটারের পরিমাণ কে যোগ করা হয়।

খালিঘর পূরণ কর।

যেমন	৩২৫০মি	৩০০০ মি + ২৫০ মি	৩ কিঃমিঃ ২৫০ মিঃ
	২০০৫ মিঃ		
	৩২০০ মিঃ		
	৫০৫০ মিঃ		
	১০৮০ মিঃ		
	১০৯৫ মিঃ		
	১২৩৪ মিঃ		

লক্ষ্য কর কেবল মিটারে দেওয়া দূরত্বকে কিমি ও মি রে তে পরিবর্তন করার সময়ে একক, দশক ও শতক স্থানে থাকা অঙ্ককে নিয়ে গঠিত সংখ্যাটি মিটার সূচনার সময়ে একে বাদ দিয়ে অন্য অঙ্কদের নিয়ে গঠিত সংখ্যা কিঃ মিঃ সূচিত করে।

যেমন ৮৬৫৪ মিটার = ৮ কিমি ৬৫৪ মি

২০৫০ মিটার = ২ কিমি ০৫০ মি বা ২ কিমি ৫০ মিঃ।

## দৈর্ঘ্য মাপে যোগ ও বিয়োগ

নিনী ও রুনী দুই বোন একবার ওদের বাবা হরিবাবু জামা তৈরী করবার জন্য দরজীর দোকানে পৌছালেন। দরজীকে জিজ্ঞেস করাতে ও বলল রুণীর জন্য ২ মি ৫০ সেমি কাপড় ও নিনীর জন্য ২ মি ৩০ সেমি কাপড় লাগবে। হরিবাবু চিন্তা করলেন, রুণীর জন্য নিনীর থেকে কত অধিক কাপড় দরকার হবে ও দুজনের জন্য মোট কত কাপড় দরকার হবে?

হরিবাবুর প্রশ্নের উত্তরের জন্য এস হিসাব করব

$$\begin{aligned} ২ \text{ মি } ৫০ \text{ সেমি} &= ২৫০ \text{ সেমি} \\ ২ \text{ মি } ৩০ \text{ সেমি} &= ২৩০ \text{ সেমি} \\ \text{যোগফল} &= ৮৪০ \text{ সেমি} \\ &= ৪ \text{ মি } ৮০ \text{ সেমি} \end{aligned}$$



### উদাহরণ-১

যোগকর ২৫ মি ৪০ সেমি ৫০ মি ৪০ সেমি

সমাধান

প্রথম প্রনালী (দৈর্ঘ্য সেমি (৩ প্রকাশ করে))

$$\begin{aligned} ২৪ \text{ মি } ১০ \text{ সেমি} &= ২৫১০ \text{ সেমি} \\ ৫০ \text{ মি } ৪০ \text{ সেমি} &= + ৫০৪০ \text{ সেমি} \\ \text{যোগফল} &= \underline{৭৫৫০ \text{ সেমি}} \\ &= ৭৫ \text{ মি } ৫০ \text{ সেমি} \end{aligned}$$

২য় প্রনালী (স্তুস্তকৃত লিখে যোগ)

$$\begin{array}{r} \text{মি} \quad \text{সেমি} \\ ২৫ \quad ১০ \\ + \quad ৫০ \quad ৪০ \\ \hline ৭৫ \quad ৫০ \end{array}$$

$$\begin{aligned} \text{তেমনি} \quad ২ \text{ মি } ৫০ \text{ সেমি} &= ২৫০ \text{ সেমি} \\ ২ \text{ মি } ৩০ \text{ সেমি} &= ২৩০ \text{ সেমি} \\ \hline \text{যোগফল} &= ২০ \text{ সেমি} \end{aligned}$$

